

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয়
বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও।
www.baliadangi.thakurgaon.gov.bd

স্মারক নং-উপজেলা স্বাস্থ্য ও প.প.অ/বালিয়া/ঠাক/২০২৩-১৭৯

তারিখঃ ০৪/০৪/২০২৩খ্রিঃ

নিয়োগ বিজ্ঞপ্তি

জেলা ও উপজেলায় মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র পরিচালনা নীতিমালা, ২০২১ অনুযায়ী ঠাকুরগাঁও জেলার বালিয়াডাঙ্গী উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রে নিম্নোক্ত পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের জন্য ঠাকুরগাঁও জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা হলো।

ক্রমঃ	পদের নাম	পদ সংখ্যা	মাসিক সম্মানী (সর্বসাকুল্যে)	যোগ্যতা
১	পেশ ইমাম	০১(এক)	১৫,০০০/-	(ক) দ্বিতীয় শ্রেণীর কামিল ডিগ্রী/দাওরায়ে হাদিস পাশ। কোন জামে মসজিদে/প্রতিষ্ঠানে খতিব, মুফতি বা মুহাদ্দিস হিসেবে ০৫(পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। (খ) হাফেজ-ই কোরআন ও ইলমে কিরাত এর উপর স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক সনদপ্রাপ্তদের অগ্রাধিকার দেওয়া হবে। (গ) আরবীতে কথা বলা ও আরবীতে উপস্থিত খুতবা পাঠ এবং ইসলামের উপর গবেষণাধর্মী প্রকাশনা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে।
২	মুয়াজ্জিন	০১(এক)	১০,০০০/-	(ক) দ্বিতীয় শ্রেণীর আলিম অথবা সমমানের কওমী পাশ যোগ্যতা সম্পন্ন স্বীকৃত যেকোন প্রতিষ্ঠান থেকে সনদধারী। সংশ্লিষ্ট ক্ষেত্রে/মুয়াজ্জিন হিসেবে ০৩(তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। (খ) হাফেজ-ই কোরআন ও ইলমে কিরাত এর উপর স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক সনদপ্রাপ্তদের হাফেজ-ই কোরআন অগ্রাধিকার পাবেন।
৩	বাদিম	০২(দুই)	৭,৫০০/-	(ক) দ্বিতীয় শ্রেণীর আলিম অথবা সমমানের কওমী পাশ যোগ্যতা সম্পন্ন স্বীকৃত যে কোন প্রতিষ্ঠান থেকে সনদধারী। (খ) প্রার্থীকে অবশ্যই শারীরিকভাবে সুস্থ ও সক্ষম হতে হবে। (গ) সংশ্লিষ্ট ক্ষেত্রে/ খাদেম হিসেবে ০১(এক) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।

শর্তাবলী :-

- প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে। বালিয়াডাঙ্গী উপজেলার প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।
- নিয়োগ সংক্রান্ত যেকোন তথ্য উপজেলা নিবাহী অফিসারের ওয়েব সাইটে (www.baliadangi.thakurgaon.gov.bd), এবং উপজেলা নিবাহী অফিসার, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয় এবং ইসলামিক ফাউন্ডেশন, বালিয়াডাঙ্গী এর নোটিশ বোর্ডে পাওয়া যাবে।
- আবেদনপত্রে প্রার্থীর (ক) নাম (খ) পিতার নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জন্ম তারিখ (ছ) বয়স (আবেদনকারীর বয়স ০৫ এপ্রিল/২০২৩ খ্রিঃ তারিখে ০১ নং পদের জন্য ২৫ থেকে ৩৫ বছর এবং ০২ নং ও ০৩ নং পদের জন্য ১৮ থেকে ৩০ বছর তবে বীরমুক্তিযোদ্ধা সন্তানদের জন্য বয়স ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। প্রার্থীর বয়সের ক্ষেত্রে এভিডেন্সিট গ্রহণযোগ্য নয়। (জ) জাতীয়তা (ঝ) শিক্ষাগত যোগ্যতা এবং মোবাইল নম্বর উল্লেখপূর্বক স্ব-হস্তে সাদা কাগজে আবেদন করতে হবে। আবেদন পত্রের সাথে উপজেলা নিবাহী অফিসার বরাবর সোনালী ব্যাংক বালিয়াডাঙ্গী শাখায় ১নং পদের জন্য ৫০০/- (পাঁচশত), ও ২নং পদের জন্য ৩০০/- (তিনশত) এবং ৩নং পদের জন্য ২০০/- (দুইশত) টাকার অফেরতযোগ্য ব্যাংক ড্রাফট জমা দিতে হবে।
- আবেদনপত্র আগামী ১১/০৪/২০২৩খ্রিঃ তারিখের মধ্যে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ও সভাপতি, বালিয়াডাঙ্গী উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র জনবল নিয়োগ কমিটি বরাবর আবেদন করতে হবে এবং উপজেলা নিবাহী অফিসার বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও বরাবরে অফিস চলাকালীন সময়ে রক্ষিত বাজ্রে সরাসরি/ ডাকযোগে পৌছাতে হবে। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, এবং বিলম্বপ্রাপ্ত আবেদনসমূহ বাতিল বলে গণ্য হবে। খামের উপর পদের নাম সুস্পষ্টভাবে লিখতে হবে।
- আবেদন পত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে;
 - পৌরসভা/ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদ পত্র।
 - ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সদ্যতোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি সত্যায়িত ছবি।
 - ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ পত্র।
 - জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি। জাতীয় পরিচয়পত্র না থাকলে জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত ফটোকপি।
 - সকল শিক্ষাগত যোগ্যতা এবং অভিজ্ঞতা সনদের সত্যায়িত কপি।
- কোন প্রার্থী একাধিক পদে আবেদন করতে পারবেন না। যদি কোন প্রার্থী একাধিক পদে আবেদন করেন তাহলে তার সকল আবেদন বাতিল বলে গণ্য হবে।
- প্রার্থীকে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি,এ/ডি,এ প্রদান করা হবে না। নির্বাচনী পরীক্ষায় প্রার্থীকে অবশ্যই মূল কাগজপত্র প্রদর্শন করতে হবে।
- কোন তথ্য গোপন করে চাকুরিতে নিয়োগপ্রাপ্ত হলে এবং ভবিষ্যতে তথ্য গোপনের বিষয়টি প্রমানিত হলে প্রার্থীর নিয়োগাদেশ বাতিল করে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- কোন প্রকার সুপারিশ/তদবির প্রার্থীর অযোগ্যতা হিসাবে গণ্য হবে।
- আবেদন পত্র গ্রহণ/বাতিল বা সংরক্ষনসহ বিজ্ঞপ্তির যে কোন অংশ পরিবর্তন ও সংশোধনের ক্ষমতা নিয়োগ প্রদানকারী কর্তৃপক্ষ সংরক্ষন করেন এবং নিয়োগ প্রদানের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি গ্রহণ করা হবে না।

(Signature)

ডাঃ এ এস এম আলমাস
উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার
বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও।

সভাপতি

বালিয়াডাঙ্গী উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র
জনবল নিয়োগ কমিটি, বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও।

(Signature)
০৪/০৪/২৩